



# e- প্রচেষ্টা

## Ballygunge Govt. High School Alumni Association দ্বারা সমাজ মাধ্যমে প্রকাশিত বৈ-মাসিক মুখ্যপত্র (সংখ্যা: জানুয়ারী-মার্চ ২০২৫)

একদম শুরুতেই এই প্রচেষ্টের সমস্ত অংশজ ও অনুজ প্রাক্তনীকে জানাচ্ছি আন্তরিক প্রগাম ও শুভেচ্ছা। অত্যন্ত আনন্দের সঙ্গে নিবেদন করছি যে বেশ কিছু বছর পর আবার আমাদের স্কুলের প্রাক্তন ছাত্র সংসদের উদ্যোগে সমাজমাধ্যমে প্রকাশিত হচ্ছে 'প্রচেষ্টার' ডিজিটাল সংস্করণ e-প্রচেষ্টা। এই প্রকাশনার মুখ্য উদ্দেশ্য হল শতবর্ষের দ্বারপ্রান্তে উপনীত হওয়া ঐতিহ্যশালী আমাদের এই বিদ্যায়তনের প্রাক্তন ছাত্র সংসদের বিভিন্ন কর্মকাণ্ডকে দেশ-বিদেশের নানা প্রান্তে ছড়িয়ে থাকা প্রাক্তনীদের মুঠোফোনের পর্দায় তুলে ধরা এবং প্রাক্তনীদের সঙ্গে বর্তমান ছাত্রদের মেলবন্ধন ঘটানো এই মুখ্যপত্রের মাধ্যমে, যেখানে প্রকাশিত হবে প্রাক্তনীদের লেখার পাশাপাশি বর্তমান ছাত্রদের বাছাই করা কিছু ছেট ছেট লেখাও। এখানে তুলে ধরা হল এবছরের জানুয়ারী থেকে মার্চ পর্যন্ত অনুষ্ঠিত হওয়া বিভিন্ন অনুষ্ঠানকে। পাশাপাশি তুলে ধরা হল আগামী দিনগুলোতে অনুষ্ঠিত হতে চলা সম্ভাব্য কিছু অনুষ্ঠানের তালিকাকে।

শুভ  
মুক্তি

### ব্যাটে-বলে কর্নিভালে

গত ১২ই জানুয়ারী যুব দিবসের দুপুরে স্কুলের মাঠে অনুষ্ঠিত হয়েছিল '৯৫ ব্যাচ বনাম প্রাক্তনীদের জমজমাট ক্রিকেট ম্যাচ। ম্যাচ শেষে চ্যাম্পিয়নস ট্রফি উঠেছিল '৯৫ ব্যাচের প্রাক্তনীদের হাতেই।



### আনন্দেরই বাণিধারায়

প্রাক্তন ছাত্র সংসদের সবচেয়ে বড় প্রচেষ্টা পুনর্মিলন ২০২৫ এ বছর খুব অল্প সময়ের প্রস্তুতিতে দারতন সফলভাবে মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছিল ১৮ই জানুয়ারী এবং ১৯শে জানুয়ারীর শীতল সাঁও বেলায়। প্রথম দিন বিভিন্ন সম্মানীয় অতিথিবর্গের সঙ্গে প্রথম অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ সৌভিক ভট্টাচার্য। এই মধ্যেই বিশিষ্টজনদের মাধ্যমে সর্বসমক্ষে প্রকাশিত হয়েছিল স্মারক পুস্তিকা পুনর্মিলন-২০২৫। ক্রতি ছাত্রদের পুরস্কৃত করার পর ছিল শুদ্ধে প্রাক্তন শিক্ষক শ্রী প্রভাত কুমার মুখোপাধ্যায়ের আবেগ মাখানো শিক্ষকতা জীবনের স্মৃতিচারণ।

শেষপর্বে ছিল অভিনেত্রী তথা সুগায়িকা শ্রীমতি স্বাগতা মুখোজীর লোক সংগীত পরিবেশনা। দ্বিতীয় দিনের সন্ধ্যা মুখরিত হয়ে উঠেছিল প্রাক্তনী তথা বিশিষ্ট অভিনেতা রজতাভ দত্ত এবং সুরকার-গীতিকার-তার্কিক শ্রী চন্দ্রিল ভট্টাচার্যের মুখোমুখি আলাপচারিতার আবহে। পুনর্মিলন ২০২৫-এর সমাপ্তি ঘটেছিল বাংলা ব্যান্ড 'ভূমি'র মন ঝুঁয়ে যাওয়া গান আর তার তালে প্রাক্তনী ও তাদের পরিবারের সদস্যদের মনমাতানো নাচের মধ্য দিয়ে। এবারের পুনর্মিলন অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল Gaming Zone ও Kids Corner। দুদিন মিলিয়ে প্রায় দু-হাজারের কাছাকাছি প্রাক্তনী ও তাদের পরিবারের সদস্যরা অঞ্চলগ্রহণ করেছিলেন এই মিলন উৎসবে।



### হৈ-হল্পোড় দেদার মজা বন-ভোজনে সবাই রাজা

১৮তম বর্ষে পদার্পনকারী আমাদের স্কুল- গত ৯ই ফেব্রুয়ারী, ২০২৫ চকবেত্তিরার সনাতনী বাগানবাড়িতে ৯৮ জন সদস্যদের নিয়ে আয়োজন করেছিল বার্ষিক বনভোজনের। হাসি-ঠাণ্ডা, নানান মজার খেলা এবং সুস্থানু খাবারের পাশাপাশি পিকনিক স্পটের ঢোকধাঁধানো বাড়িটিও ছিল এবারের চড়ুইভাতির অন্যতম মুখ্য আকর্ষণ।



### সব খেলার সেরা বাঙালির তুমি ফুটবল

বসন্ত শেষে ২৩ শে মার্চ, ২০২৫-এর উৎস দুপুরে স্কুলের মাঠে অনুষ্ঠিত হয়েছিল বনবিহারী মেমোরিয়াল ফুটবল কর্নিভাল। স্কুলের চারটি হাউসের নামানুসারে-বিদ্যাসাগর, রামমোহন, মহসিন ও ভূদেব-এই চারটি টিম গঠন করে খেলা চলেছিল প্রায় পাঁচটা পর্যন্ত। ফাইনালে রামমোহন বনাম মহসিন দলের বন্দুদ্ধশাস ম্যাচে ২-১ গোলে বিজয়ী হয় রামমোহন দল।



**Web:** [www.bghsalumni.in](http://www.bghsalumni.in)  
**Mail:** [bghsaakol@gmail.com](mailto:bghsaakol@gmail.com)  
**FB:** Ballygunge Government High School Alumni Association

### ভালোবাসার তোরে

অভিনন্দন রায় (২০২৫ সালের উচ্চ-মাধ্যমিক পরীক্ষার্থী)

তানেক বছর পেরিয়ে গেল, জানি এবার হবে শেষ,  
অবশেষে থামবে এবার ছাত্র জীবনের প্রথম ধাপের ঘোড় দৌড়ের এই রেস।  
এই ধাপের শুরুটা ছিল বছর আটকে আগে,  
মনে আছে এখনো তাই ভর্তি হওয়ার লটারিতে ওয়েটিং লিস্টে  
থাকার ধুক্পুরুনিকে  
তারপর, সেই প্রথম তোরের বেলা স্কুলে যাওয়া থেকে এই  
যাত্রার শুরু

সেই থেকে এখনও অব্দি এই যাত্রার বাহক হিসেবে এক ক্লাস থেকে  
ওঠার এই রেসে ছুটেই চলেছি ক্রমাগত।

সময়ের সাথে সাথে এই রেসে ফাস্ট হল যারা, ফাস্ট বয় থেকে ক্রমে  
স্যারেদের মোস্ট ফেভারিট হয়ে উঠল তারা।

তবে, আমি স্যারেদের কাছে আদর্শ ছাত্র হয়ে উঠতে না পারলেও  
লাস্ট বেঞ্চের ভলো-মন্দ মিশিয়ে তৈরি অভুত সেই বন্ধুগুলো জুটে গেল  
তারপর এল আর্টস, কমার্স, সায়েন্স আর্থাত্ কেরিয়ারের দিক  
বাছাইয়ের সেই মাহেন্দ্রকণ, সেই বিশেষ সময়।

স্কুলের গেট থেকে বেরিয়ে যেতে যেতে স্যারেদের ওপর হওয়া অভিমান  
আর অন্য অনেক রাগ থেকে মনে হয়েছিল- অনেক হল, এবার চলে  
যেতেই হবে আমায়।

তখনই যেন তাদের সেই ডাক শুনতে পেলাম,  
যাদের একদিন সবচেয়ে বেশি আপন করে নিয়েছিলাম।

ডাক দিল সেই বন্ধুগুলো ইষ্ট-মোহনের ডাবি নিয়ে ফেরে বাগড়া করবে বলে,  
ক্লাসের ফাঁকে সেই লাস্ট বেঞ্চটায় জমিয়ে অড়া দেবে বলে।  
ডাক দিল সেই স্কুলটা যার কাছে মন খারাপ হলেই ছুটে যেতাম  
স্যারেদের ওপর করা যত রাগ অভিমানের ডাক শুনতে পেলাম।

যেন কোনো অতুপ নিশির যৌথ ডাকে সাড়া দিলাম,  
আমি জানতাম যে এই ডাকে সাড়া দিলে আমি আর পারবো  
না ফিরে যেতে

তবু স্কুলের সেই উঁচু কালো গেটটার দিকে ফিরে তাকালাম।  
আমি যেতে চেয়েও যেতে নাই পারিলাম,

কারণ কেবল আমিই জানি এই বালিগঞ্জ গভর্নমেন্ট হাইস্কুলটাকে আমি  
কত ভালোবেসেছিলাম।

### আগামী দিনের সম্ভাব্য অনুষ্ঠানের রূপরেখা

- প্রবালরঞ্জন সেনগুপ্ত মেমোরিয়াল ফুটবল প্রতিযোগিতা
- শতবর্ষের আলোয় খাত্তি-বরণ
- শত্রুমিত্র স্মরণে-নাট্য উপস্থাপনা
- সরকারি এবং সরকার পোষিত আন্তর্বিদ্যালয় কুইজ প্রতিযোগিতা
- সত্যজিৎ স্মরণ
- বিদ্যালয়ে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন সহ
- অন্যান্য সমাজসেবামূলক কার্যবলী।

সংকলন, প্রস্তুতি এবং চিত্র প্রযোজনায়  
সঞ্চয় (১৯৮৭), সন্ধি (১৯৯৭), রত্নদীপ (২০১১) এবং সুন্দৰ